

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ফকিরহাট, বাগেরহাট।



স্মারক নম্বরঃ ৪১.০১.০১৩৪.০০০.১৬.০৩৯.১৯.

তারিখঃ ২১.০৯.২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ G2P পদ্ধতিতে অনলাইনে ভাতা প্রদানের নিমিত্তে ডিজিটাল ডাটাবেইজে অন্তর্ভুক্ত না হতে পারা ভাতাভোগীদের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সামাজিক নিরাপত্তা বেষ্টনীভিত্তিক ভাতাসমূহ ইউনিয়ন পরিষদের এজেন্ট ব্যাংকের মাধ্যমে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। G2P পদ্ধতিতে অনলাইনে ভাতা প্রদানের জন্য সমাজসেবা অধিদফতরের ডিজিটাল ডাটাবেইজ www.mis.bhata.gov.bd-তে ভাতাভোগীদের তথ্য এন্ট্রির কাজ চলমান আছে। আগামী অক্টোবর/২০২০ মাস হতে ফকিরহাট উপজেলার ০৮টি ইউনিয়নের ভাতাভোগীদের টাকা ইউনিয়ন পরিষদের এজেন্ট ব্যাংকের মাধ্যমে প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফলে, ফকিরহাট উপজেলাতেও সমাজসেবা অধিদফতরের ডিজিটাল ডাটাবেইজ www.mis.bhata.gov.bd-তে ভাতাভোগীদের তথ্য এন্ট্রির কাজ চলমান আছে। আপনার ইউনিয়নের ভাতাভোগীদের ডিজিটাল ডাটাবেইজ যাচাই করে সংযুক্ত তালিকার ভাতাভোগীদের তথ্য খুঁজে পাওয়া যায় নাই।

এমতাবস্থায়, আপনার ইউনিয়নের সমস্ত ভাতাভোগীদের মধ্যে ডিজিটাল ডাটাবেইজে এন্ট্রি না হওয়া ভাতাভোগীদের একটি তালিকা এতদসঙ্গে সংযুক্ত করে আপনার বরাবর প্রেরণ করা হলো। সংযুক্ত তালিকার ভাতাভোগীদের নিম্নলিখিত কাগজ-পত্রাদিসহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে পাঠিয়ে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কাগজ-পত্রাদি:

১. ভাতাভোগীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
২. ভাতাভোগীর ভাতা বহি।
৩. একটি সচল মোবাইল নম্বর।

উল্লেখ্য যে, উপরোক্ত তথ্যাদি নিয়ে ভাতাভোগীকে নিজে বা বিশেষ পরিস্থিতিতে তার নমিনিকে আগামী ২৮/০৯/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে আসতে হবে।

সর্বোপরি, ভাতাভোগীদের ভাতার টাকা ইউনিয়ন পরিষদের এজেন্ট ব্যাংকের মাধ্যমে প্রদানের সরকারি এই উদ্যোগকে সাফল্যমন্ডিত করতে আপনার ইউনিয়ন পরিষদের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করছি।

২১-০৯-২০২০

(সবুর আলী)

উপজেলা সমাজসেবা অফিসার
ফকিরহাট, বাগেরহাট।

চেয়ারম্যান

মূলঘর ইউনিয়ন পরিষদ

ফকিরহাট, বাগেরহাট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. জেলা প্রশাসক, বাগেরহাট।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফকিরহাট, বাগেরহাট।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট, বাগেরহাট।
৪. অফিস কপি।